

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board

শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীনরোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ৯৫৫০৩৫৩



Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone-9550353
dir.discipline.bwdb@gmail.com

নং- ৩০৬-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৮/২০২০

তারিখঃ ০১-০৮-১৪২৭ বঙ্গাঃ
১৬-১১-২০২০ খ্রিঃ


দপ্তরাদেশ

জনাব মোঃ ফরিদুল ইসলাম, অফিস সহায়ক, ঢাকা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, ঢাকা তার প্রথম স্ত্রী মোছাঃ সানজিদা আক্তার লিপিকে না জানিয়ে দ্বিতীয় বিবাহ করায় তিনি বাদী হয়ে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-৪, বগুড়ার সি, আর মামলা নং-১২৪০/১৫ দায়ের করেন। আদালতে অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ ফরিদুল ইসলামকে ১(এক) বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ৫,০০০/= (পাঁচ হাজার টাকা) অর্থ দণ্ড প্রদান, অনাদায়ে আরও ১(এক) মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

২। জনাব মোঃ ফরিদুল ইসলাম, অফিস সহায়ক এর বিরুদ্ধে বিজ্ঞ আদালত কর্তৃক উক্ত দণ্ড আরোপ করায় বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনাস্তে পেশ করা হলে বিজ্ঞ আদালতের রায়ের তারিখ অর্থাৎ ১৩/০৯/২০২০খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকরি হতে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়।

৩। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদ্বারা জনাব মোঃ ফরিদুল ইসলাম, অফিস সহায়ক, ঢাকা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, ঢাকাকে বরখাস্তের তারিখ অর্থাৎ ১৩/০৯/২০২০খ্রিঃ তারিখ হতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫৭(১) মোতাবেক বাপাউবোর্ডের চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৪। এ পত্র প্রেরণে মহাপরিচালক, বাপাউবোর সদয় সম্মতি রয়েছে।


(আব্দুল খালেক)

পরিচালক


পরিচিতি নম্বরঃ ৬৩০১২০০০১

নং- ৩০৬(৯)-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৮/২০২০

তারিখঃ ০১-০৮-১৪২৭ বঙ্গাঃ
১৬-১১-২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।
- ২। পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, বাপাউবো, ৭২, গ্রীন রোড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। অত্র দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্যে অনুরোধ করা হলো।
- ৫। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।
- ৭। উপ-পরিচালক/হিসাবরক্ষণ অফিসার, গ্রীনরোড আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।
- ৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ৯। জনাব মোঃ ফরিদুল ইসলাম, অফিস সহায়ক, ঢাকা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।


(মোঃ নোমান ফরিদ) ২৩/১১/২০২০

উপ পরিচালক

পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২